

ত্রিপুরা সরকার
তপশিলী জাতি কল্যাণ দপ্তর,
পন্ডিত নেহেরু কমপ্লেক্স, গোখাবস্তি, আগরতলা
ত্রিপুরা, আগরতলা।

:বিজ্ঞপ্তি:

ভারত সরকারের Social Justice & Empowerment মন্ত্রণালয় ২০১৫ শিক্ষাবর্ষে Post Matric Scholarship-একাদশ শ্রেণী থেকে কলেজ, বিশ্ববিদ্যালয়ে পাঠরত SC ছাত্র-ছাত্রীদের জন্য (ত্রিপুরায় এবং বহিঃরাজ্যে) www.scholarships.gov.in ওয়েবসাইটে Online আবেদন করার জন্যে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অনলাইন আবেদন করার জন্য সময়সীমা ২৫ শে আগস্ট, ২০১৫ ইং থেকে ৩০ শে সেপ্টেম্বর, ২০১৫ ইং পর্যন্ত ধার্য করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে আবেদন করতে না পারলে এবং স্কলারশীপ না পেলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

যোগ্যতাবলী :- ১) দরখাস্তকারীর পিতামাতার বাৎসরিক আয় অনুর্ধ্ব ২.৫ লক্ষ টাকা হতে হবে। এই মর্মে মহকুমা শাসক কর্তৃক পারিবারিক বার্ষিক আয়ের সার্টিফিকেট আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। ২) দরখাস্তকারীকে গত চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ মার্কসীটের কপি জমা দিতে হবে।

অনলাইনে আবেদন করার বিষয়ে নির্দেশিকা :- www.scholarships.gov.in ওয়েবসাইটে প্রাথমিক আবেদন করার পর প্রত্যেক ছাত্র/ছাত্রীদের একটি Temporary ID দেওয়া হবে। উক্ত ID-এর মাধ্যমে ছাত্র/ছাত্রীরা তাদের আবেদন পত্র Online সম্পূর্ণ করার পর নিম্নলিখিত প্রমাণ পত্র গুলি scan করে upload করতে হবে।

১) কোর্স ফি structure ২) ছাত্র/ছাত্রীর ফটো ৩) মার্কসীট ৪) পারিবারিক আয়ের সার্টিফিকেট ৫) আধার কার্ড ৬) ছাত্র/ছাত্রীর SC সার্টিফিকেট ৭) ছাত্র/ছাত্রীর ঘোষণা (Declaration Form) ৮) ছাত্র/ছাত্রীর ব্যালেন্সের পাশবই ৯) PRTC ১০) বিদ্যালয়ের অথবা মহাবিদ্যালয়ের, প্রধান শিক্ষক/শিক্ষিকার/ অধ্যক্ষের দ্বারা verification from -এ Bonafide Certificate-এ স্বাক্ষর।

উপরিউক্ত প্রমাণ পত্রগুলি স্ক্যান(scan) ও upload করে online আবেদন submit করার পর একটি Permanent ID নম্বর পাওয়ার পর সম্পূর্ণ আবেদন পত্রটি প্রিন্ট করে তপশিলী জাতি কল্যাণ দপ্তরে জমা দিতে হবে (শুধুমাত্র বহিঃরাজ্যে পাঠরত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য) এবং ত্রিপুরায় পাঠরত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানে জমা দিতে হবে।

বি.দ্র.-স্কলারশীপের জন্য অনলাইনে আবেদন করার পূর্বে ওয়েবসাইটে Frequently Asked Question (FAQ) ভাল ভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে। বিস্তারিত বিবরণ নিজ নিজ মহকুমার মহকুমা কল্যাণ আধিকারিক/জিলা কল্যাণ আধিকারিক/জিলা শিক্ষা আধিকারিক/ তপশিলী জাতি কল্যাণ আধিকারিকের অফিসের নিকট জানা যাবে।

স্বাক্ষর
(এল. টি. ডাব্লিউ)
অধিকর্তা

তপশিলী জাতি কল্যাণ দপ্তর
গোখাবস্তি : আগরতলা।